

# শিবচর পৌরসভা কার্যালয়

শিবচর, মাদারীপুর।

## “প্রজ্ঞাপন”

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৫৫ ধারা অনুসরণ পূর্বক এবং ২২/০২/২০১৬ তারিখের পৌর পরিষদের সিদ্ধান্ত মোতাবেক শিবচর পৌরসভায় নিম্ন বর্ণিত স্থায়ী কমিটি গঠন করা হলো।

### (৫) সংস্থাপন ও অর্থ কমিটি :

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী
০১	জনাব মোঃ আজিজুর রহমান	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড	সভাপতি
০২	জনাব মোঃ আওলাদ হোসেন খান	মেয়র, শিবচর পৌরসভা	সদস্য
০৩	জনাব মলি রায়	কাউন্সিলর, সংরক্ষিত আসন-০১	সদস্য
০৪	জনাব জাহানারা বেগম	কাউন্সিলর, সংরক্ষিত আসন-০৩	সদস্য
০৫	জনাব বেলায়েত ইবনে ওয়াহেদ	কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড	সদস্য

### ২। কমিটির কার্য পরিধি:

২.১। পৌরসভার পরিচালন ব্যবস্থার দড়াতা বৃদ্ধি তথা পৌরসভার কাজকর্ম ও সেবার মান বাড়ানোর ব্যাপারে গতিশীলতা আনয়নের জন্য সকল শূন্য পদসমূহে কর্মকর্তা/কর্মচারী নিয়োগ করার পদক্ষেপ গ্রহণ করা;

২.২। যে সকল পদে ইতিমধ্যে পদোন্নতির সুযোগ সৃষ্টি সেই সকল পদে যোগ্য ব্যক্তিদের পদোন্নতি প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;

২.৩। বাস্তরিক ভিত্তিতে কর্মকর্তা/কর্মচারীদের কর্মোদ্যোগ, দড়াতা ও যোগ্যতা মূল্যায়ন করা;

২.৪। কর্মকর্তা/কর্মচারীদের কর্ম বন্টন অনুযায়ী যথাযথভাবে দায়িত্ব পালনে উদ্বৃদ্ধি করা;

২.৫। কর্মকর্তা/কর্মচারীসহ অন্যান্য সকলের দড়াতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;

২.৬। আয়ের সঙ্গে ব্যয়ের সঙ্গতি বজায় রেখে পৌরসভার বার্ষিক বাজেট প্রণয়নে সাহায্য করা;

২.৭। রাজস্ব আয় বৃদ্ধির পরিকল্পনা প্রণয়ন ও বাস্তুবায়নের কৌশল নির্ধারণ করা;

২.৮। পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে পৌর তহবিলের কিছু অংশ বিভিন্ন আয় বৃদ্ধিমূলক কর্মকাণ্ডে বিনিয়োগের পরিকল্পনা প্রস্তুত করা;

- ২.৯। সুশাসন প্রতিষ্ঠাকল্লে পৌরসভার সকল কার্যক্রমে তথ্য প্রযুক্তি (ই-গভর্নেন্স) চালু করণের পরিকল্পনা প্রণয়ন  
ও বাস্তবায়নের দিক নির্দেশনা প্রদান করা;
- ২.১০। সরকারি ও অন্যান্য প্রতিষ্ঠানের নিকট পৌরসভার সকল দায়-দেনা নির্ধারণ করিয়া তাহা আদায়ে পৌর  
পরিষদকে সহায়তা করা;
- ২.১১। পৌর তহবিল ব্যয়ের স্বচ্ছতা ও জবাবদিহিতার জন্য সকল ব্যয় সময়মত নিরীক্ষার ব্যবস্থা করা;
- ২.১২। নুতন, পুরাতন সকল নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা;
- ২.১৩। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

(মোঃ আওলাদ হোসেন খান)

মেয়র  
শিবচর পৌরসভা  
শিবচর, মাদারীপুর।

স্মারক নং-শিব-পৌর/২০১৬/

তারিখঃ

অনুলিপিৎ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পলন্সী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,  
ঢাকা।
- ২। জেলা প্রশাসক, মাদারীপুর।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ৩-১২। জনাব..... কাউন্সিলর, (সকল) শিবচর পৌরসভা।
- ১৩। জনাব ..... (শাখা প্রধান), শিবচর পৌরসভা।

(মোঃ আওলাদ হোসেন খান)

মেয়র  
শিবচর পৌরসভা  
শিবচর, মাদারীপুর।